# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

তিনি ও তার ভুওক্তোভোগি স্ত্রী।

এ সময় গৃহবধুর স্বামী মহন বাঁধা দিতে গেলে অভিযুক্ত সিরাজ তাকে কিল ঘুষি দিয়ে পালিয়ে যায় বলে জানান তিনি।

এ ঘটনায় রাতেই গাংনী থানা পুলিশকে অবহিত করা হলে ঘটনাস্থলে পুলিশ যায় এবং পরিবারের কথা শোনে।

এদিকে গৃহবধুর স্বামী সাংবাদিকদের আরও জানান, কাজের জন্য মাঝে মাঝে ফরিদপুর যাওয়া লাগে।

এই সুযোগকে কাজে লাগিয়ে সিরাজ তার স্ত্রীর শ্লীলতা হানির চেষ্টা করে। অভিযুক্ত সিরাজ একই উপজেলার বাহাগুন্দা

গ্রামের হাফেজ এর ছেলে। সে অধিকাংশ সময় জুয়া খেলে সময় কাটায় বলে জানায় মহন।
এর আগেও সিরাজ ঐ গৃহবধুকে প্রায় উত্যোক্ত করে আসত।

বিষয়টি স্থানীয় মাতব্বর সালাউদ্দিনকে জানানো হলে অভিযুক্ত সিরাজকে কড়া ভাবে নিষেধ করা হয়। এর পর থেকেই সিরাজ আরও বেপরোয়া হয়ে ওঠে এবং

গৃহবধুর স্বামীকে মেরে ফেলা সহ গৃহবধুকে একা পেলে মুখে এসিড নিক্ষেপ করার হুমকি দিয়ে আসছে।

এদিকে এই ঘটনার পর থেকে পুলিশ সালাউদ্দিনের বাড়িতে অভিযান চালালে তাকে পাওয়া যায়নি বলে জানা গেছে।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুর রহমান জানান, আমরা অভিযোগকারির সাথে কথা বলে ঘটনাস্থল তদন্ত করছি এ বিষয়ে পরে বলা যাবে আসলে ঘটনাটা কি ঘটেছে।

গাংনী প্রতিনিধি

মেহেরপুর-চুয়াডাঙ্গা- কুষ্টিয়াতে জেল হত্যা দিবস পালিত

বাংলাদেশের ইতিহাসে ৩ নভেম্বর কলঙ্কময় ও কালোরাত এই দিনটি। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুসহ সপরিবারে হত্যার পর ৩ নভেম্বর তার ঘনিষ্ঠ চার সহকর্মী সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এম মনসুর আলী ও এ এইচ এম কামরুজ্জামানকে কারাগারে হত্যা করা হয়।

গতকাল রবিবার বিকালে জেল হত্যা দিবসে জাতীয় চার নেতাকে শ্রদ্ধা জানাতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

জেলা আওয়ামী লীগের কার্যালয়ে সভায় সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, দপ্তর সম্পাদক খোকন, সদস্য শামীম আরা হিরা, উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মমিন, অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান, বর্তমান সভাপতি আব্দুস সালাম বাঁধন, জেলা যুব মহিলা লীগের সম্পাদিকা অ্যাড. রুত সভা মন্ডল প্রমুখ।

এসময় জেলা সেচ্ছাসেবক লীগের নেতা মতিযার রহমান মতি, জেলা ছাত্রলীগের সহ সভাপতি আসিফ, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম তৌহিদ সহ আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
গাংনী প্রতিনিধি জানান, মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে জেল হত্যা দিবস পালিত হয়েছে।

রবিবার বেলা সাড়ে ৩টার সময় উপজেলা অডিটরিয়াম হলে উপজেলা আওয়ামী লীগে উদ্যোগে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।
উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী)

করা হয়। পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-০১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও সহসভাপতি নাসির উদ্দিন আহমেদ।

এসময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি আওয়ামী লীগ নেতা খুস্তার জামিল, জহুরুল ইসলাম, আলাউদ্দিন হেলা, পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট বেলাল হোসেন, আরেফিন আলম রঞ্জু, আব্দুর রশিদ, আব্দুল কাদের প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্দ্যোগে ৩ নভেম্বর জেল হত্যা পালন করা হয়েছে।

গতকাল রবিবার সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধু ও জাতীয় ৪ নেতার প্রতিকৃতিতে মাল্যদান, মিলাদ মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু। বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, জেলা আওয়ামী লীগের সদস্য শাহ আলম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামের উপস্থাপনায় উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, প্রচার সম্পাদক রেজাউল হক তবা, আওয়ামী লীগ নেতা মহাসিন কামাল, সাবেক কাউন্সিলর দীনেশ কুমার, কাউন্সিলর মামুন অর রশিদ হাসান, ওলিউল্লাহ, আব্দুল মালেক, জাহাঙ্গীর হোসেন, খন্দকার মজিবুল হক, রতন দা, শাফায়েত, যুবলীগ নেতা সৈকত খান, মনিরুল ইসলাম, ছাত্রলীগ নেতা হাসানুজ্জামান, সজিব হোসেন, উপজেলা মহিলালীগ নেত্রী সাহিদা ইসলাম, জাহানারা।

জীবননগর প্রতিনিধি জানান, জীবননগরে বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালিত হয়েছে।
গতকাল রোববার জেল হত্যা দিবস উপলক্ষে জীবননগর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে সকালে আওয়ামী লীগের দলীয় কার্যলয়ের জাতীয় ও দলীয় পতাকা উত্তলন করা হয়।

পরিচালনায় আরও উপস্থিত ছিলেন নাগরিক পরিষদের সহকারী সম্পাদক আফরোজা আক্তার ডিউ, সাংগঠনিক সম্পাদক এমজেড ইসলাম, এমজে এইচ জুয়েল, তথ্য ও গবেষনা সম্পাদক ইমরান খান পলাশ, সহ তথ্য গবেষনা সম্পাদক কেএম মামুনুর রহমান, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক ইমরুল হক লিংকন, মনিরুল ইসলাম, অনুষ্ঠান প্রস্তুতি কমিটির আহবায়ক মনিরুল ইসলাম বাবু প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন শহর ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ডা. আফিল উদ্দিন সহ গন্যমাণ্য ব্যক্তিবর্গ। পরে অসহায় মানুষের মাঝে সেলাই মেশিন, হুইল চেয়ার সহ শিক্ষা উপকরণ বিতরণ করেন এবং দোয়া অনুষ্ঠান শেষে তবারক বিতরণ করা হয়।

প্রতিদিন ডেক্স

গাংনীতে পৃথক দুইটি আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামে প্রবাসির নববধু গলায় ফাঁস দিয়ে আত্ম হত্যা করেছে।

গতকাল রবিবার দুপুর সাড়ে বারোটার দিকে তার বাবার বাড়ি এলাঙ্গী গ্রামে নিজ শয়ন কক্ষে গলায় দড়ি দিয়ে আত্ম হত্যা করেছে বলে জানা গেছে। সে ঐ গ্রামের আহম্মেদ আলির মেয়ে ও গাংনী শহরের থানা রোডের বাসিন্দা কবিরের স্ত্রী পাপিয়ারা খাতুন পাপিয়া (১৯)। নিহত পাপিয়া দশম শ্রেনীর ছাত্রী বলে তার পরিবার জানায়।

পরিবারের লোকজন জানান, প্রায় চার মাস আগে তাদের বিয়ে হয়। মেয়ের স্বামী ১৫ দিন আগে সিঙ্গাপুর গিয়েছে। গত চার দিন আগে পাপিয়ারা খাতুন শশুর বাড়ি থেকে বাবার বাড়িতে আসে। গত শনিবার সে তার স্বামী কবিরকে ফোনে কথা বলার চেষ্টা করে কিন্তু তার স্বামী ফোন রিসিভ না করে বারবার কেটে দেয়। গতরাত থেকে সকাল পর্যন্ত ফোনে তার স্বামীর অবজ্ঞা করার কারণে পাপিয়ারা খাতুন আত্মহত্যা করে বলে দাবি করেন নিহতের মা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান,

আপাতত অপমৃত্যু মামলা হয়েছে। ময়নাতদন্ত শেষে পরিস্থিতি বুঝে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করা হবে।

অপর দিকে, মেহরপুরের গাংনী উপজেলার সাহাবাটি গ্রামে এক বৃদ্ধা গলায় দড়ি দিয়ে আত্ম হত্যা করেছে।

আত্মহত্যাকারি বৃদ্ধা ফজিলা খাতুন (৭০) ঐ গ্রামের ক্লাব পাড়ার রেজাউলের স্ত্রী। নিহতের পরিবার জানান, দীর্ঘদিন বিভিন্ন রোগে ভুগছিলেন অনেক চিকিৎসা করেও কোন প্রতিকার হয়নি।

এর আগেও সে আত্মহত্যার চেষ্টা করেছিল পরিবারের লোকজন সে দফায় তাকে রক্ষা করতে পারলেও এবার সকলের চোঁখকে ফাঁকি দিয়ে রবিবার ভোরের দিকে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনী প্রতিনিধি

চোখ হারানো কিশোর অসহায় হিমেলের পাশে গাংনীর ইউএনও

তুর্থ শ্রেনীর ছাত্র হিমেল, বয়স ১১ বছর। গাংনী উপজেলার কসবা গ্রামের হতদরিদ্র দিনমজুর লাবলু হোসেনের ছেলে। স্থানীয় ব্র্যাক স্কুলের ৪র্থ শ্রেনীর ছাত্র।

জমিজমাহীন লাবলু হোসেন অন্যের দেয়া এক টুকরা জমির ওপর ছোট একটি ঘর বেঁধে ছেলে মেয়ে নিয়ে বসবাস করতেন। হিমেল অনেক মেধাবী। লেখাপড়ায় অনেক ভাল। গত ৩০ মে রাতে ছোট বোন লাবনিকে নিয়ে পড়তে বসেছিল। এরই মধ্যে বাড়ির পাশের কয়েকজন চিৎকার দেয় আগুন! আগুন!।

প্রতিবেশিরা ছুটে আসে আগুন নিভানোর কাজে। মা কোহিনুর খাতুন ও

গাংনী উপজেলা ভূমি কর্মকর্তা হিসেবে ইয়ানুর রহমানের যোগদান

মেহেরপুরের গাংনী উপজেলা ভূমি অফিসার হিসেবে যোগদান করেছেন সহকারি কমিশনার (ভুমি)মোহাম্মদ ইয়ানুর রহমান।

তিনি ৩৪ তম বিসিএস প্রশাসন ক্যাডার হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে বরগুনা জেলা প্রশাসক কার্যলয়ে কর্মরত ছিলেন। গতকাল ৩ সেপ্টেম্ববর রবিবার সকালে গাংনী উপজেলা ভূমি অফিসে প্রথম দিবসের কার্যক্রম শুরু করেন। ইয়ানুর রহমান যশোরের ঝিকরগাছা উপজেলার বাসিন্দা বলে জানা গেছে।

তিনি উপজেলা বাসির ভূমি সংক্রান্ত বিষয়গুলি সহজভাবে নিরসনের পাশাপাশি জনগনের প্রকৃত সেবা নিশ্চিত করবেন বলে অভিমত ব্যাক্ত করেন। এর আগে উপজেলা ভুমি কর্মকর্তা হিসেবে সুখময় সরকার দায়িত্বে ছিলেন। পদন্নতি জনীত বদলি হওয়ায় তিনি টাঙ্গাইলে বদলি হওয়ায় পদটি শুন্য হয়ে পড়ে।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ভারপ্রাপ্ত হিসেবে কিছুদিন দায়িত্বে ছিলেন। নতুন ভূমি অফিসার উপজেলায় যোগদান করায় জনগন প্রত্যাশা অনুযায়ী সেবা পাবেন বলে প্রত্যাশা ব্যাক্ত করেন গাংনী উপজেলা বাসি।

গাংনী প্রতিনিধি

গাংনীতে ক্যান্সার আক্রান্ত শিশুদের পাশে জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনীর কসবা গ্রামের সেই এতিম শিশুদের আর্থিক সহায়তা দিয়েছে জেলা প্রশাসক মো: আতাউল গনী।

গতকাল রবিবার বিকাল ৪ টায় কসবা গ্রামে গিয়ে ঐ শিশুদের হাতে ১০ হাজার টাকা তুলে দেন তিনি। এসময় শিশুদের জন্য একটি ঘর নির্মাানের আশ্বাস দেন। এছাড়া গাংনী উন্নয়ন ফাউন্ডেশনের পক্ষ থেকে ৬ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়।

সম্প্রতি মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত চায়ের কাপেই গাংনীর ৪ এতিম শিশুর সপ্ন শিরোনামে সংবাদ প্রকাশিত হলে জেলা প্রশাসক আর্থিক সহায়তা দিলেন।

এদিকে গাংনী উপজেলার রামনগর গ্রামের শিশু জীবন আহমেদের চোখে ক্যান্সার আক্রান্ত হওয়ার খবর শুনে জেলা প্রশাসক মো: আতাউল গনী ১০ হাজার টাকা সহায়তা করেন।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টায় জীবনের পিতা সোহেল রানার হাতে টাকা তুলে দেন জেলা প্রশাসক। এসময় ফুলকুড়ি অধ্যক্ষ সমাজ সেবক সিরাজুল ইসলাম বিভিন্ন স্থান থেকে সংগ্রহ করা আরো ১৫ হাজার টাকা জেলা প্রশাসক মো: আতাউল গনীর মাধ্যমে জীবনের পিতা সোহেল রানার হাতে তুলে দেন।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, ফুলকুড়ি অধ্যক্ষ সমাজ সেবক সিরাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্নয়কারী হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন।

গাংনী প্রতিনিধি

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

গ্রামের ক্লাব পাড়ার রেজাউলের স্ত্রী।

নিহতের পরিবার জানান, দীর্ঘদিন বিভিন্ন রোগে ভুগছিলেন অনেক চিকিৎসা করেও কোন প্রতিকার হয়নি। এর আগেও সে আত্মহত্যার চেষ্টা করেছিল পরিবারের লোকজন সে দফায় তাকে রক্ষা করতে পারলেও এবার সকলের চোখকে ফাঁকি দিয়ে রবিবার ভোরের দিকে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

-গাংনী প্রতিনিধি

গাংনীতে সড়ক দুর্ঘটনায় বাঘডাসা নিহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় বাঘডাসা নিহত হয়েছে।
গতকাল শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর কুষ্টিয়া সড়কের মালসাদহ ব্র্যাক অফিসের সামনে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, সন্ধ্যার দিকে রাস্তা পার হওয়ার সময় মেহেরপুর থেকে ঢাকা গামী শ্যামলী পরিবহন তাকে ধাক্কা দিলে বাঘডাসাটি ঘটনাস্থলেই মারা যায়।

তবে ঘটনাস্থলে বন বিভাগের কোন কর্মকর্তারা আসেননি বলে জানান স্থানীয়রা। রিপোর্ট লেখা পর্যন্ত নিহত বাঘডাসাটি ঘটনাস্থলেই পড়ে থাকতে দেখা যায়।

গাংনী প্রতিনিধি